

গণপ্রজাতন্ত্রী বাংলাদশে সরকার  
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
 সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
 প্রধান কার্যালয়  
 ৪১, সেগুন বাগিচা ঢাকা-১০০০।  
**Website:** www.gov.bd  
 মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর গঠিত Cyber Unit এর ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : কুসুম দেওয়ান  
 (ডিআইজি)  
 পরিচালক (অপারেশন্স), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

তারিখ ও সময় : ০৯ সেপ্টেম্বর, ২০২১ঞ্চি: বেলা ১১:০০।

সভার স্থান : পরিচালক (অপারেশন্স) মহোদয়ের অফিস কক্ষ।

সভাপতি উপস্থিতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন) জানান যে, ০৮ অক্টোবর ২০২০ঞ্চি: তারিখে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্তৃক নব গঠিত মাদক অপরাধ সংশ্লিষ্ট Cyber crime মনিটরিং করার নিমিত্তে অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি Cyber Unit এর সভা অনুষ্ঠিত হয়। গঠিত Cyber Unit সভার কার্যবিবরণী ইতোমধ্যে সকলের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর উপর কোন সংশোধন বা সংযোজনীর প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:


০২ সভার আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	মাননীয় প্রধানমন্ত্রীর জিরো টেলারেন্স নীতি বাস্তবায়নের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে নব গঠিত সাইবার ইউনিট গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে নব গঠিত সাইবার ক্রাইম ইউনিট সম্পর্কে সকলকে জানাতে হবে। (খ) Cyber Crime Unit সংক্রান্ত তথ্য আদান-প্রদানে সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ জিললুর রহমান ফোকাল পয়েন্টের দায়িত্ব পালন করবেন। (গ) cybercrime@dnc.gov.bd নামক একটি ডোমেইন ই-মেইল তৈরি পূর্বক ব্যবহার করা যেতে পারে। প্রদান করা যেতে পারে। এ বিষয়ে একটি ই-মেইল আইডি খোলা যেতে পারে।	(ক) সাইবার ক্রাইম ইউনিট গঠন সম্পর্কে সংশ্লিষ্ট সকলকে জানাতে হবে।	পরিচালক (অপারেশন্স)/ সহকারী পরিচালক(প্রশাসন)/ সহকারী প্রোগ্রামার।
০২।	সাইবার অপরাধ সম্পর্কে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মীয় বিষয়ে কর্মশালা/সেমিনার আয়োজন করা যেতে পারে।	“মাদকদ্রব্য সংশ্লিষ্ট সাইবার অপরাধ দমনে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের করণীয়” বিষয়ে সেমিনার/কর্মশালা/ লার্নিং সেশন আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন)।

(৬)

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৩।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সাইবার অপরাধ সম্পর্কে যথাযথ প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে।	সাইবার অপরাধ সম্পর্কে যথাযথ প্রশিক্ষণ প্রদান করতে হবে।	পরিচালক (প্রশাসন)।
০৪।	মাদক অপরাধের সাথে সাইবার অপরাধের সংশ্লিষ্টতা খুঁজে অধিদপ্তরের করণীয় নির্ধারণে সিআইডি, র্যাব ও ডিএমপি এর প্রতিনিধিকে আগামী ২৩/০৯/২০২১ তারিখ একটি সভা আয়োজন করা যেতে পারে।	মাদক অপরাধের সাথে সাইবার অপরাধের সংশ্লিষ্টতা খুঁজে অধিদপ্তরের করণীয় নির্ধারণে সিআইডি, র্যাব ও ডিএমপি এর প্রতিনিধি নিয়ে আগামী ২৩/০৯/২০২১ তারিখে একটি সভা আয়োজন করতে হবে।	পরিচালক (অপারেশন্স)।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কুসুম দেওয়ান  
(ডিআইডি)  
পরিচালক (অপারেশন্স)


স্মারক নং-৫৮.০২.০০০০.০০৬.০৬.৭০১.২০- ৬৭১৬

তারিখ: ২৮ তার্ফ, ১৪২৮

১২ সেপ্টেম্বর, ২০২১

সদয় অবগতি /প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (প্রশাসন/ অপারেশনস/ নিরোধ শিক্ষা/ চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয় ঢাকা।
- ০২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।
- ০৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ঢাকা।
- ০৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/সিলেট/রাজশাহী/বরিশাল/রংপুর/গোয়েন্দা শাখা, ঢাকা।
- ০৬। সিটেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। উপ-পরিচালক, (-----) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, জেলা কার্যালয়/বিভাগীয় কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ মেট্রো কার্যালয়।
- ০৮। সহকারী পরিচালক, (-----) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, জেলা কার্যালয়/বিভাগীয় কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ মেট্রো কার্যালয়।
- ০৯। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অফিস কপি/গার্ড ফাইল।



(মোহাম্মদ জিলুর রহমান)

সহকারী পরিচালক (প্রশাসন)

মোবাইল : +৮৮ ০১৪০৪০৭২০১৯

ইমেইল: adadmin@dnc.gov.bd